



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ওয়েজ আর্নিস কল্যাণ বোর্ড

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন

৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইন্সটান গার্ডেন, রমনা, ঢাকা-১০০০।

(www.wewb.gov.bd)



নম্বর- ৪৯.০৪.০০০০.০০৫.১০.০০১.১৯.(৪৯)- ৫৫

তারিখ: ২৫-০১-২০১৯খ্রিঃ।

বিজ্ঞপ্তি

প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের জন্য “প্রবাসী কল্যাণ শিক্ষাবৃত্তি”র দরখাস্ত আহ্বান

প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের মধ্যে যারা দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ৬ষ্ঠ শ্রেণি/সমমান, ৯ম শ্রেণি/সমমান এবং পাবলিক বিশ্ববিদ্যালয়/পাবলিক মেডিকেল কলেজে ১ম বর্ষ/১ম সেমিস্টারে অধ্যয়নরত তাদের মধ্য থেকে নির্ধারিত সংখ্যক শিক্ষার্থীকে বৃত্তি প্রদানের নিমিত্ত নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

শর্তাবলী:

- (১) আবেদনকারীকে ২০১৮ সালে পিইসি/জেএসসি/এইচএসসি অথবা সমমান পরীক্ষায় জিপিএ-৪.৮০ প্রাপ্ত হয়ে দেশের যে কোন শিক্ষা প্রতিষ্ঠানে ৬ষ্ঠ শ্রেণি/সমমান অথবা ৯ম শ্রেণি/সমমান অথবা পাবলিক বিশ্ববিদ্যালয়/পাবলিক মেডিকেল কলেজে ১ম বর্ষ/১ম সেমিস্টারে অধ্যয়নরত থাকতে হবে। তবে প্রবাসে মৃত্যুবরণকারী কর্মীর সন্তানগণ জিপিএ-৪ প্রাপ্ত হলে আবেদন করতে পারবে;
- (২) বিএমইটি'র বহির্গমন ছাড়পত্র (ম্যানপাওয়ার ক্লিয়ারেন্স) নিয়ে বিদেশ গমন করেছেন অথবা বিদেশে কর্মরত যে সকল কর্মী দূতাবাস/হাইকমিশনের মাধ্যমে ওয়েজ আর্নিস কল্যাণ বোর্ডের মেম্বারশীপ গ্রহণ করেছেন সে সকল কর্মীর সন্তানগণ শিক্ষাবৃত্তির জন্য আবেদন করতে পারবে;
- (৩) প্রবাসে মৃত্যুবরণকারী কর্মীর পরিবার যারা ওয়েজ আর্নিস কল্যাণ বোর্ড হতে আর্থিক অনুদান পেয়েছেন তাদের সন্তানগণও বৃত্তির জন্য আবেদন করতে পারবে। তবে কর্মীর বিএমইটি'র বহির্গমন ছাড়পত্র (ম্যানপাওয়ার ক্লিয়ারেন্স) থাকতে হবে;
- (৪) i) পিইসি/সমমান ক্যাটাগরিতে বৃত্তির জন্য মনোনীত শিক্ষার্থীদের ৬ষ্ঠ-৮ম শ্রেণি পর্যন্ত ৩ বছর মাসিক ৭০০/- (সাতশত) টাকা হারে, জেএসসি/সমমান ক্যাটাগরিতে মনোনীত শিক্ষার্থীদের ৯ম-১০ম শ্রেণি পর্যন্ত ২ বছর মাসিক ১০০০/- (এক হাজার) টাকা হারে এবং এইচএসসি/সমমান ক্যাটাগরিতে মনোনীত শিক্ষার্থীদের স্নাতক/সম্মান শ্রেণি পর্যন্ত ৪ বছর (প্রযোজ্য ক্ষেত্রে ৫ বছর) মাসিক ২০০০/- (দুই হাজার) টাকা হারে বৃত্তি প্রদান করা হবে। এক্ষেত্রে শিক্ষার্থীর সেশনজট বিবেচনায় আনা হবে না।
ii) উক্ত বৃত্তির সাথে বাৎসরিক এককালীন বই ক্রেসহ অন্যান্য আনুষঙ্গিক খরচ হিসাবে পিইসি/সমমানের ক্ষেত্রে ১৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা, জেএসসি/সমমানের ক্ষেত্রে ২০০০/- (দুই হাজার) টাকা এবং এইচএসসি/সমমানের ক্ষেত্রে ৩০০০/- (তিন হাজার) টাকা প্রদান করা হবে;
- (৫) আবেদনপত্রের সঙ্গে নিম্নোক্ত কাগজপত্র দাখিল করতে হবে:
 - i) পিতা/মাতা প্রবাসী কর্মী হওয়ার স্বপক্ষে আনুষঙ্গিক কাগজপত্রাদি (যেমন: পাসপোর্ট ও ভিসার ফটোকপি এবং বিএমইটি'র বহির্গমন ছাড়পত্র সম্বলিত পাসপোর্টের পৃষ্ঠা/স্মার্ট কার্ড অথবা ওয়েজ আর্নিস কল্যাণ বোর্ডের মেম্বারশীপের ফটোকপি);
 - ii) প্রবাসে মৃত্যুবরণকারী কর্মীর সন্তানদের ক্ষেত্রে দূতাবাস কর্তৃক ইস্যুকৃত NOC ও মৃত্যু সনদ;
 - iii) শিক্ষার্থীর ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি (প্রতিষ্ঠান প্রধান/বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে বিভাগীয় প্রধান কর্তৃক সত্যায়িত);
 - iv) পিইসি/জেএসসি/এইচএসসি অথবা সমমান পরীক্ষার মূল নম্বর পত্রের (মার্কশীট) সত্যায়িত ফটোকপি (প্রতিষ্ঠান প্রধান/বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে বিভাগীয় প্রধান কর্তৃক সত্যায়িত);
- (৬) আবেদনপত্র ওয়েজ আর্নিস কল্যাণ বোর্ডের ওয়েবসাইট (www.wewb.gov.bd) হতে বিনামূল্যে সংগ্রহ করা যাবে;
- (৭) আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে প্রয়োজনীয় কাগজপত্রাদিসহ আগামী ১৪ মার্চ, ২০১৯ তারিখের মধ্যে সরাসরি/ডাকযোগে পরিচালক (আইআরপি), ওয়েজ আর্নিস কল্যাণ বোর্ড, রুম নং- ৯১২, ৯ম তলা, প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইন্সটান গার্ডেন, রমনা, ঢাকা বরাবর পৌঁছাতে হবে। উক্ত তারিখের পর কোন আবেদন গ্রহণ করা হবে না;
- (৮) শিক্ষার্থীর মাতার (মাতার অনুপস্থিতিতে পিতা) ব্যবহৃত সঠিক মোবাইল নম্বর (রকেট একাউন্টসহ) অবশ্যই আবেদন ফরমে উল্লেখ করতে হবে;
- (৯) বৃত্তি প্রদান সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে;
- (১০) আবেদনপত্র ফরম যথাযথভাবে পূরণ করতে হবে। অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে;
- (১১) যে কোন তথ্যের জন্য প্রবাসবন্ধু কল সেন্টার (নং- ০১৭৮৪৩৩৩৩৩৩, ০১৭৯৪৩৩৩৩৩৩, ০২-৯৩৩৪৮৮৮) যোগাযোগের জন্য অনুরোধ করা হলো।

(নূরুন আখতার)

উপ-সচিব

পরিচালক (আইআরপি)

d.irp@wewb.gov.bd